শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ
## গোলাপগঞ্জ, সিলেট

মুজিব ১০০

**আগষ্ট / ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৫৩তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী**

সভাপতিঃ জনাব মঞ্জুর কাদির শাফি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ।

স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ ও সময়ঃ ১০ আগষ্ট ২০২৩ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কাযবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কাযবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কতৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কাযাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি ও পরিষদের সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে উপজেলা প্রকৌশলী তার বক্তব্য উপস্থাপন করেন। বক্তব্যের শুরুতে তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রমের অংশ হিসেবে পল্লী সড়ক ও কালভার্ট মেরামত কর্মসূচী (GOB Maintenance) এবং Flood প্রকল্পের আওতায় ক্ষতিগ্রস্থ রাস্তা ঘাট মেরামতের লক্ষ্যে সড়ক পরিদর্শন ও প্রাক্কলন তৈরীর কাজ চলমান রয়েছে।<br>তিনি আরো জানান যে, বার্যিক উন্নয়ন কর্মসূচী ২০২৩-২০২৪ সুষ্টভাবে বাস্তবায়নের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনকে অত্র দপ্তরের স্মারক নং-৪৬.০২.৯১৩৮.০০০.১৪.১২৫.২০২৩-৫৫৪ তারিখঃ ০২/০৮/২০২৩ইং মারফত গত অর্থ বছরে গৃহীত প্রকল্প তালিকার মধ্য হতে গুরুত্বপূর্ণ প্রকল্পের সহিত নতুন ভাবে প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ন প্রকল্পের তালিকা সমন্বয় করে প্রকৌশলী বরাবরে দাখিলের জন্য ইতোমধ্যে পত্র প্রদান করা হয়েছে। যথাসম্ভব দ্রুত তালিকা প্রদান করার জন্য তিনি ইউপি চেয়ারম্যানগনকে অনুরোধ করেন।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, গোলাপগঞ্জ উপজেলায় প্রায় ১০৮ জন বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের যথাযথ পরিচর্যা ও পড়ালেখা চালিয়ে নেয়ার লক্ষ্যে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (অর্থায়নকারী সংস্থা-JICA) (৫ম পর্যায়) উপজেলা পরিষদের পূর্ব পার্শে ৪ কক্ষ বিশিষ্ট একটি একতলা ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। প্রকল্পের নিয়ম অনুযায়ী একক কাজের জন্য ৪৪,৬৭,৮৮৭.০০ টাকার উপরে প্রাক্কলন তৈরী করা যায় না বিধায় উক্ত টাকায় সীমাবদ্ধ রেখে স্যানিটারী এবং বারান্দার রেলিং এর আইটেম অর্ন্তভূক্ত না করেই প্রাক্কলন অনুমোদন করা হয়েছিল। | গোলাপগঞ্জ উপজেলার যোগাযোগ ব্যবস্থা সমুন্নত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য পরিষদ কর্তৃক অনুরোধ করা হলো। বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৩-২০২৪ গ্রহণে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সকল ইউপি সদস্য সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের যথাযথ পরিচর্যা ও পড়ালেখা চালিয়ে নেয়ার জন্য নির্মাণাধীন বিদ্যালয় ভবনের কাজ সুষ্ট ও সুন্দর ভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রস্তাবিত সংশোধিত ৪৪,৬৩,৮৮৩.৪২ টাকার প্রাক্কলনটি পরিষদ কর্তৃক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।শরীফগঞ্জ ইউনিয়নের ৯ নং ওয়ার্ডের মোছাব্বির চেয়ারম্যানের বাড়ীর সামন হতে তেরা মিয়ার বাড়ীর সামন পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন কাজে ৮৪,০০০.০০ টাকার প্রাক্কলনটি পরিষদ কর্তৃক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরবর্তীতে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স তাসনিম এন্টারপ্রাইজ, চৌধুরী বাজার, গোলাপগঞ্জ, সিলেট দরপত্র দাখিলের সময় ৩.৫১% নিম্নদরে দর দাখিল করলে যথাযথ কতৃপক্ষের অনুমোদন সাপেক্ষে উক্ত প্রতিষ্ঠানের সহিত ৪৩,১০,৮৪২.৫৬ টাকার চুক্তিপত্র সম্পন্ন করায় ১,৫৭,০৪৪,৪৩ টাকা সাশ্রয় হয়। বর্তমানে স্যানেটারী এবং বারান্দার রেলিং আইটেম সমূহ অর্ন্তভূক্ত করে ৪৪,৬৩,৮৮৩.৪২ টাকার একটি সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে; যাহা পরিষদ কর্তৃক অনুমোদন প্রয়োজন।এছাড়াও শরীফগঞ্জ ইউনিয়নের ৯ নং ওয়ার্ডের মোছাব্বির চেয়ারম্যানের বাড়ীর সামন হতে তেরা মিয়ার বাড়ীর সামন পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন কাজে ৮৪,০০০.০০ ব্যয়ের একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে, যাহা পরিষদ কর্তৃক অনুমোদন প্রয়োজন। | | |
| ২/ ২ | স্বাস্থ্য বিভাগ | সহকারী উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা সভায় জানান,বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১২২১০জন, ইর্মাজেন্সী বিভাগে ১৫৩৯ জন। ল্যাবরেটরী১৪৮ জন, ইসিজি ১৫৩ জন, এক্সরে ৯ জন,আলট্রাসনোগ্রাফী ৪ জন ও এম্বুলেন্স সেবা গ্রহনকারী ১০ জন, করোনা ভ্যাকসিন বর্তমানে না থাকায় বুষ্টার ডোজ বন্ধ রয়েছে। সিজারিয়ান অপারেশন সেবা চলমান রয়েছে। | বহিঃবিভাগ ও আন্তঃবিভাগের রোগীদের প্রয়োজণীয় চিকিৎসা সেবা প্রদান সহ স্বাস্থ্যসেবা আরও উন্নত করার বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য সহকারী উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ৩ | পরিবার পরিকল্প না বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, জুলাই/২৩মাসে মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ৫০০৪৬ জন, মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৩৯৬৭৮, হার ৭৯.২৮%। গর্ভকালীন সেবা ১০১৮ জন, প্রসব সেবা ৩৭ জন, গর্ভোত্তর সেবা ২০৩ জন, শিশু সেবা ৬৬০ জন, রোগী ৩০৮৭ জন, জীবিত জন্মের সংখ্যা ২০৩জন, মৃত্যুর সংখ্যা ৭২ জন, সর্বমোট গর্ভবতী ১৯০৮ এবং মোট প্রবাসী দম্পত্তি ৫৫৫২ জন। | পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের ধারবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, ১৮২০ হে. জমিতে আউশ আবাদ হয়েছে। বর্তমানে আউশ কর্তন চলছে। আউশের আবাদ ভালো। আমন রোপন চলছে। আশা করা যায় আমনের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। দ্রুত ১২০০ একর জায়গা উপজেলা পরিষদে বরাদ্দ দেয়ার জন্য অনুরোধ জানানো হয়। আগামী রবি মৌসুমে সরিষার আবাদ বৃদ্ধির জন্য ৩,০০,০০০ টাকা বীজ সহায়তা প্রদানের প্রস্তাবনা দেয়া হয়। | আউশ ও রোপা আমন আবাদ লক্ষ্যমাত্রা অর্জনের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ৫ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, জেলে নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান কার্যক্রম চলমমান রয়েছে। যে সকল জেলে এখনও জেলে কার্ড পায়নি তারা যেন উপজেলা মৎস্য অফিসে যোগাযোগ করেন সেই জন্য সকল প্রতিনিধি এবং ইউপি চেয়ারম্যানবৃন্দের সহযোগিতা কামনা করা হয়। এরাল বিল সংলগ্ন খালে অবৈধ বাধ/কাটা জাল উচ্ছেদের জন্য মোবাইল কোর্ট পরিচালনা বিষয়ে সভায় আলোচনা হয়। | এরাল বিল সংলগ্ন খালে অবৈধ বাধ/কাটা জাল উচ্ছেদের জন্য মোবাইল কোর্ট পরিচালনা বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি . উপজেলা মৎস্য কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, গবাদি পশুর চিকিৎসা ২০৪৭ ,হাঁস মুরগীর চিকিৎসা ১১৭৫৪, কৃত্রিম প্রজনন ১৪৫। গবাদি পশুর টিকা প্রদান ৬৬০টি, হাঁস মুরগীর টিকা প্রদান ১৪,০০০ উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারন ১২ | গবাদি পশূর চিকিৎসা এবং টিকা প্রদান সহ অন্যান্য কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কমকর্তা /সংশ্লিষ্ট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | একর, উঠান বৈঠক আয়োজন ০৫ টি। ভেকসিনেশন ক্যাম্পেইন ৪ টি। | রাখতে সচেষ্ট থাকবেন। | ইউপি চেয়ারম্যান |
| ২/ ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলার ৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় (১)হাতিমনগর স.প্রা.বি.(২)পূর্ববাঘা স.প্রা.বি.(৩)কে.কে. স.প্রা.বি.ও (৪) নয়াবাজার স.প্রা.বি. নদী ভাঙ্গনে ঝুকির মধ্যে রয়েছে। এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য অনুরোধ করা হলো। | ঝুকিপূর্ন বিদ্যালয়ের আবেদন গুলো পানি উন্নয়ন বোর্ড বরাবর প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান,আগামী ১৭/০৮/২৩ খ্রিঃ তারিখ হতে এইচএসসি ও আলিম পরীক্ষা শুরু হবে।পরীক্ষার্থীর সংখ্যা কেন্দ্রভিত্তিক ঢাকাদক্ষিন ডিগ্রি কলেজ ১৪৮০ জন, মোহাম্মদ চৌধুরী একাডেমি ১২০৭ জন, ভাদেশ্বর মহিলা কলেজ ৬৯৩ জন মোট পরীক্ষার্থীর সংখ্যা ৩৩৮০ জন। আলীম কেন্দ্র ভাদেশ্বর ফাজিল মডেল মাদ্রাসা ২০৫ জন। উক্ত পরীক্ষা পরিচালনায় সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি। | এইচএসসি ও আলিম পরীক্ষার ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য)সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) গোলাপগঞ্জ আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরের সঠিক উপকারভোগী যাচাই ও উপকারভোগী প্রতিস্থাপনের কাজ চলছে। সেই সাথে উপকারভোগীদের সঠিক তথ্য যাছাইয়ের জন্য প্রত্যেক ইউপি পর্যায়ে লাইভ ভেরিফিকেশন চলছে সেখানে ভাতাভোগীর মৃত্যুজনিত প্রতিস্থাপন, একাউন্ট নাম্বার পরিবর্তন ও বিধবা ভাতাভোগীর সঠিক তথ্য উপস্থিতিতে যাছাই করা হবে।এতে প্রত্যেক ইউপি চেয়ারম্যানগনের দৃষ্টি আকর্ষন করছি। লাইভ ভেরিফিকেশনে পরিষদের সকল সদস্যদের নিয়ে সহযোগিতা করার জন্য আগামী সেপ্টেম্বর/২৩ মাসে নতুন অর্থবছরের ১ম কিস্তির পেরোল প্রেরণের নির্দেশনা রয়েছে।তাই সবাইকে এ কাজে আন্তরিক সহযোগিতার জন্য অনুরাধ করছি। | ভাতাভোগীর টাকা সঠিক মোবাইল একাউন্টে প্রেরনের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে প্রশিক্ষন ও ঋণের কার্যক্রম শুরু হয়নি। আশা করছি আগামী মাসে সার্বিক যুব কার্যক্রমের প্রশিক্ষন সহ অন্যান্য কার্যক্রম শুরু হবে। যুব ঋণ প্রদান, ঋণের কিস্তি আদায়, যুব সংগঠন রেজিষ্ট্রেশন সহ আত্নকর্মী গড়ে তুলার সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | যুব কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। পরবর্তী ঋণ প্রদান ও প্রশিক্ষন সংক্রান্ত বিষয়ে উপজেলা পরিষদকে আবশ্যিকভাবে সম্পৃক্ত করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে ঋণ আদায়ের পরিমাণ ৫,৮৭,০০০/-।বিতরন এখনও শুরু হয়নি। প্রশিক্ষনের বরাদ্দ পাওয়া যায়নি। | ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ সনের অডিট বরাদ্দকৃত ১৫০ টি সমবায় সমিতির মধ্যে থেকে জুলাই/২৩ পর্যন্ত ২০ টি সমিতির অডিট সম্পন্ন হয়েছে।সিভিডিপি প্রকল্পের আওতায় ০২ মাস ব্যাপী আইটি সাপোর্ট টেকনিশিয়ান এ ২০ এবং ইলেকট্রিক বিষয়ক কোর্সে ২০ জন সহ মোট ৪০ জনকে প্রশিক্ষন প্রদানের জন্য সিলেটে ইউসেপের প্রতিষ্টানে প্রশিক্ষনার্থী প্রেরণ করা হয়েছে। | নির্ধারিত সময়ের মধ্যে সমিতির শতভাগ অডিট কার্য সম্পন্ন করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, আগষ্ট/২৩ মাসের ১৬ তারিখের মধ্যে সেপ্টেম্বর ও অক্টোবর মাসের খাদ্য বান্ধব কর্মসূচীর চাল বিক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ বিষয়ে সংশ্লিস্ট ইউপি চেয়ারম্যানগণ তদারকি করতে অনুরোধ করা হলো। খাদ্য বান্ধবের অযাচাইকৃত ভোক্তাদের যাচাই কার্যক্রম ৯/৮/২৩ থেকে ১৫/৮/২৩ তারিখের মধ্যে যাচাই সম্পন্ন করতে সকল ইউপি চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ করা হলো। | খাদ্য বান্ধব কর্মসূচীর ধারাবাহিকতা অব্যাহত রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, প্রত্যেক ইউনিয়নে ৬ টি করে এবংপৌরসভায় ১৩ টি মা ও শিশু সহায়তা বরাদ্দ প্রদানের নির্দেশনা রয়েছে। প্রতি মাসের টা প্রতি মাসে এন্ট্রি করতে হবে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, গোলাপগঞ্জ সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান,বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে।জুলাই/২৩ মাসে ০৮ টি ট্রান্সফর্মার চুরি হয়েছে। ট্রান্সফর্মার চুরি রোধে মাইকিংকরন এবংমাঠ পর্যায়ে সভা করে সম্মানিত গ্রাহকগণকে সচেতন করা হচ্ছে। এ বিষয়ে সম্মানিত চেয়ারম্যানমহোদয়ের সহযোগিতা কামনা করা হচ্ছে। | ট্রান্সফর্মার চুরি রোধে জনসচেতনতা বৃদ্ধি মাইকিংকরনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য শাখা ব্যবস্থাপক ,গোলাপগঞ্জ সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ২০ | পল্লী দারিদ্র বিমোচন কার্যালয় বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থবছরে মোট সুফলভোগীদের সংখ্যা ৮২৫ জন। ০১ মাসে ঋণ বিতরন ১৪.৯০ লক্ষ টাকা, ০১ মাসে ঋণ আদায় ২৩.২৯ লক্ষ টাকা। আদায়ের হার ৯৮% সুফলভোগীদের সঞ্চয় জমার পরিমান ১০২.০৮ লক্ষ টাকা। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২১ | বিএডিসি বিভাগ | উপসহকারী প্রকৌশলী সভায় বলেন, সরকার একটি নতুন প্রকল্প গ্রহন করেছেন যার মাধ্যমে ব্যক্তি মালিকানাহীন হর্স পাওয়ার চালিত মেশিন ইঞ্জিনের পাম্প সমূহকে ৫০০ মিটার ৫ ইঞ্চি ব্যাসের বারিড পাইপ নির্মাণ করে দিবে এবং ২ কিউসেক বিদ্যুৎচালিত পাম্প মটর সহ কিছু সংখ্যক এল.এল.পি স্থাপনের জন্য এ বিষয়ে উপজেলা কৃষি অফিসার মহোদয় এবং ইউপি চেয়ারম্যানগণকে তালিকা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও নতুন কিছু খাল খননের জন্য প্রস্তাব পেশ করেন বিভিন্ন ইউপি চেয়ারম্যানগণ সে গুলো হলো হাড়িয়া ছড়া খাল, কাকেশ্বরী খাল, বুলবুলীখাল, নয়াখাল। | উক্ত খাল গুলোকে প্রকল্পের আওতাভুক্ত করনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/উপসহকারী প্রকৌশলী বিএডিসি /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| | বিবিধ | ক) উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত "সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর" জনাব রাজন পাল বিগত ২১/০৫/২০১২খ্রি: তারিখে চাকুরীতে যোগদান করে অদ্যাবধি সততা, নিষ্ঠা ও সন্তুষ্টির সাথে তাঁর উপর অর্পিত সকল দায়িত্ব পালন করে আসছেন। ২০/০৫/২০২২খ্রি: তারিখে তাঁর চাকুরীকাল ১০(দশ) বছর পূর্ণ হওয়ায় উচ্চতর গ্রেড পাওয়ার জন্য আবেদন করেছেন এবং " গাড়ী চালক" জনাব জাকির হোসেন বিগত ২২/০৫/২০১২খ্রি: চাকুরীতে যোগদান করে অদ্যাবধি সততা, নিষ্ঠা ও সন্তুষ্টির সাথে তাঁর উপর অর্পিত সকল দায়িত্ব পালন করে আসছেন। ২১/০৫/২০২২খ্রি: তারিখে তাঁর চাকুরীকাল ১০(দশ) বছর পূর্ণ হওয়ায় উচ্চতর গ্রেড পাওয়ার জন্য আবেদন করেছেন। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা ০১ শাখার ২৪ জুলাই ২০২৩ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০(অংশ-১)-৩৫৩ নং স্মারক মোতাবেক এবং অর্থ বিভাগের (বাস্তবায়ন অনুবিভাগ) ২০ অক্টোবর ২০২২ তারিখের ১১৭ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৭ (১) এর আলোকে "কোন কর্মচারী চাকুরীকাল সন্তোষজনকভাবে পদোন্নতি ব্যতিরেকে একই পদে ১০ (দশ) বছর পূর্তিতে ১১ তম বছরে স্বয়ংক্রিয়ভাবে উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন।জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী জনাব রাজন পাল, "সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেটকে ২১/০৫/২০২২খ্রিঃ তারিখ হতে পরবর্তী গ্রেড প্রদানপূর্বক ১০,২০০-২৪,৬৮০/- টাকার বেতনক্রম হতে ১১,০০০-২৬,৫৯০/- টাকার বেতনক্রম (১৪তম গ্রেড হতে ১৩তম গ্রেডে) ১ম উচ্চতর গ্রেড স্কেল এবং জনাব জাকির হোসেন, গাড়ী চালক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেটকে ২২/০৫/২০২২ খ্রিঃ তারিখ হতে | ক)আলোচনাতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা ০১ শাখার ২৪ জুলাই ২০২৩ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০(অংশ-১)-৩৫৩ নং স্মারক মোতাবেক এবং অর্থ বিভাগের (বাস্তবায়ন অনুবিভাগ) ২০ অক্টোবর ২০২২ তারিখের ১১৭ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী জনাব রাজন পাল, সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট তাঁর চাকুরী সন্তোষজনকভাবে পদোন্নতি ব্যতিরেকে ১০ (দশ) বছর অতিবাহিত হওয়ায় জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭ (১) নং অনুচ্ছেদ মোতাবেক গ্রেড-১৪, বেতনস্কেল ১০,২০০-২৪,৬৮০/- হতে উচ্চতর গ্রেড-১৩, বেতনস্কেলে ১১,০০০-২৬,৫৯০/- তে ২১/০৫/২০২২খ্রি: তারিখ হতে এবং জনাব জাকির হোসেন " গাড়ী চালক" গ্রেড ১৬ বেতন স্কেল ৯,৩০০-২২,৪৯০/- হতে উচ্চতর গ্রেড- | ক) চেয়ারম্যান উপজেলাপরিষদ/উপজেলা নির্বাহী অফিসার /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও সদস্যবৃন্দ<br>খ) চেয়ারম্যান উপজেলাপরিষদ / উপজেলা নির্বাহী অফিসার/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান<br>গ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান<br>ঘ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট সকল<br>ঘ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট সকল<br>ঙ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট সকল |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরবর্তী গ্রেড প্রদানপূর্বক ৯,৩০০-২২,৪৯০/-টাকার বেতনক্রম হতে ৯,৭০০-২৩,৪৯০/-টাকার বেতনক্রম (১৬তম গ্রেড হতে ১৫তম গ্রেডে) ১ম উচ্চতর গ্রেড স্কেল মঞ্জুর করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ৭৪,৩০০/-, আবাসিক এলাকা পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ ২৪,৭৫০/-,ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় ও মেরামত বাবদ ৬৭,৮০০/-, ইন্টারনেট বিল প্রদান বাবদ ১৮,০০০/-,আনসারদের জন্য চেয়ার ক্রয় বাবদ ২৫,০০০/-,আসবাবপত্র ক্রয় বাবদ ৭৪,৭০০/-বিল সভায় উপস্থাপন করা হয়। বীর মুক্তিযোদ্ধা শেখ কামাল এঁর ৭৪ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ২৫,০০০/-ব্যয়ের বিল সভায় উপস্থাপন করা হয়।<br>গ)লক্ষনাবন্দ ইউপি চেয়ারম্যান সভায় বলেন, টিসিবি তালিকা হালনাগাদে সময় বৃদ্ধির প্রস্তাব।ফুলসাইন্দ বাউলিটিলা খাল খননের অনিয়মের আপডেট প্রদানের জন্য বিএডিসি কর্মকর্তার কাছে প্রস্তাব, হাড়িয়া ছড়া খাল খননের এবং উপজেলা পরিষদের প্রবেশ গেইটের পাশের জলবদ্ধতা ভরাট করে সৌন্দর্য বর্ধনের প্রস্তাব করেন।<br>ঘ)শরীফগঞ্জ ইউপি চেয়ারম্যান সভায় বলেন, ৪ নং ওয়ার্ডের কাদি পুর গ্রামে বেশ কিছু খাস জমি রয়েছে। তা নিয়ে দুটি পক্ষের অবৈধ দখল নিয়ে রক্তক্ষয়ী সংঘর্ষ হওয়ার সম্ভাবনা ঐ খাস জমি উদ্ধার করে খেলার মাঠ বা আশ্রয়ন প্রকল্প করা যেতে পারে। একই ওয়ার্ডে কালাচাদ পুকুরটি আজ প্রায় ২০/৩০ বৎসর যাবত অবৈধ ভাবে সরকারী পুকুরটি ব্যাক্তি দখলে রয়েছে, তা উদ্ধারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার প্রস্তাব করেন। | ১৫, বেতন স্কেলে ৯,৭০০-২৩,৪৯০/-তে ২২/০৫/২০২২ খ্রিঃ তারিখ হতে উচ্চতর গ্রেড মঞ্জুর করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ৭৪,৩০০/-, আবাসিক এলাকা পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ ২৪,৭৫০/-,ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় ও মেরামত বাবদ ৬৭,৮০০/-, ইন্টারনেট বিল প্রদান বাবদ ১৮,০০০/-,আনসারদের জন্য চেয়ার ক্রয় বাবদ ২৫,০০০/-,আসবাবপত্র ক্রয় বাবদ ৭৪,৭০০/-, বীর মুক্তিযোদ্ধা শেখ কামাল এঁর ৭৪ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ২৫,০০০/-ব্যয়ের বিল সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানদের অনুরোধ করা হয়।<br>ঘ) ৪ নং ওয়ার্ডের কাদি পুর গ্রামের খাস জমি তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সহকারী কমিশনার (ভূমি) কে অনুরোধ করা হয়। | |
| বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন ও অবহিতকরন | | জনাব রাহেল আহমদের অনুকূলে আনসারদের গ্যাস বিল বাবদ ১৬৩২০/-চেক প্রদান চেক নং ৬৯৩১৯৯৪ তাং২/৭/২৩। জনাব আব্দুল সোবহান,পরিচ্ছন্নতাকর্মীও ফাহিমা বেগম, মালী ঈদুল ফিতর ও ঈদুল আযহা উৎসব ভাতা বাবদ (১১৫৫০/-+১১৫৫০/-)চেক প্রদান চেক নং ৬৯৩১৯৯৫-৬তাং২/৭/২৩।<br>জনাবআব্দুলসোবহান,পরিচ্ছন্নতাকর্মীও ফাহিমা বেগম, মালী জুন মাসের মজুরী বাবদ (৯৯০০/-+৯৯০০/-)চেক প্রদান চেক নং ৬৯৩১৯৯৭-৮ তাং২/৭/২৩।মোঃ জায়েদ আহমদ এর অনুকূলে ভূমি উন্নয়ন কর বাবদ ৭৬৫০০/-চেক প্রদান চেক নং ৬৯৩১৯৯৯ তাং২/৭/২৩।রাহেল আহমদের অনুকূলে অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ২৪৯৫০/- চেক প্রদান চেক নং৬৯৩২০০০ তাং৯/৭/২৩।রাহেল আহমদের অনুকূলে আপ্যায়ন বাবদ ৩০,০০০/- চেক প্রদান চেক নং৬৯৩২০০১ তাং ২০/৭/২৩। ফাতেমা বেগম এর অনুকূলে ৮৯৬০/-চেক প্রদান চেক নং ৬৯৩২০০২ তাং২৩/৭/২৩।রাহেল আহমদ | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

[signature]

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | এর অনুকূলে পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ ২৪,৭৫০/-চেক প্রদান চেক নং৬৯৩২০০৩ তাং২৩/৭/২৩।জনাব রাজন পালের অনুকূলে আনুষংগিক খরচ বাবদ ৫০০০/- চেক প্রদান চেক নং ৬৯৩২০০৫ তাং৩১/৭/২৩। | | |

সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকাণ্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। শিশুদেরকে সুস্বাস্থ্যের অধিকারী করা, মেধাবী হিসাবে গড়ে তোলা এবং ছেলে হোক মেয়ে হোক একটি বাচ্চাও যাতে তার অধিকার থেকে বঞ্চিত না হয় এবংসততা নিষ্টার সাথে কাজ করার পরিকল্পনা নিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ স্বপ্নের সোনার বাংলা গড়ার আশা ব্যক্ত করেন। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

মঞ্জুর কাদির শাফি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট
তারিখঃ ১০/০৮/২০২৩ খ্রিঃ

স্মারকনং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.৮০৭

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩৪, সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১।সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৫। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৬। নির্বাহী প্রকৌশলী------------------------------ সিলেট।
০৭। উপজেলা------------------------------------------ অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৮। চেয়ারম্যান---------------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ।
০৯। অফিস নথি/ মাষ্টার ফাইল।

১৪/০৮/২৩

মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান , উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৪ | ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | | |
| ০৫ | চেয়ারম্যান, ০১ নং বাঘা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৯ নং লক্ষনাবন্দ ইউপি | | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ১০ নং বাদেপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ০৯ নং পশ্চিম আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৩ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৪ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৫ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা কৃষি কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২০ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৭ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৮ | উপজেলা সমবায় কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৯ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | - | স্বাক্ষরিত |
| ৩০ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩১ | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩২ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | স্বাক্ষরিত |
| ৩৪ | উপসহকারী প্রকৌশলী বিএডিসি | - | স্বাক্ষরিত |
| ৩৫ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং ০৩ | - | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ১ | মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা | |
| ২ | ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | |
| ৩ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং ০২ | |
| ৪ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | |
| ৫ | ফরেষ্টার,সামাজিক বনায়ন কেন্দ্র | |

CamScanner